দৈনিক ইত্তেফাক

তারিখ 28 FEB 1987

পৃষ্ঠা 1 কলাম 7

018

# সোভিয়েট দাবাড়ুর অভিযোগ খন্ডন ॥ নিয়াজ গ্রান্ডমাষ্টার



( স্পোর্টস রিপোর্টার )

বাংলাদেশের কৃতি দাবাড়ু নিয়াজ মোরশেদ বিশ্ব দাবার গ্র্যাণ্ড মাষ্টার খেতাবলাভ করিয়াছেন। গত ২২শে ফেব্রুয়ারী ব্রাসেলসে অনুষ্ঠিত আন্তর্জাতিক দাবা সংস্থার (ফিদে) সভায় তাঁহার খেতাব অনুমোদন করা হয়। ১৯৮৪ সালে হংকং এ অনুষ্ঠিত নোভাক কমনওয়েলথ আন্তর্জাতিক দাবায় নিয়াজ গ্র্যাণ্ড মাষ্টারের প্রথম নর্ম এবং ১৯৮৬ সালে কলিকাতার টাটা আলেথিন ক্লাব আন্তর্জাতিক দাবা প্রতিযোগিতায় দ্বিতীয় নর্ম লাভ করেন।

কলিকাতার টুর্ণামেন্টের পর সোভিয়েট গ্র্যাণ্ডমাষ্টার আজমানভ এইমর্মে অভিযোগ তোলেন যে, নিয়াজ এবং আনন্দের খেলাটি পাতানো ছিলো। এই অভিযোগের দরুন নিয়াজের খেতাব লাভে বিলম্ব ঘটে। কিন্তু আন্তর্জাতিক দাবা সংস্থার ব্রাসেলস বৈঠকে সোভিয়েট অভিযোগ খণ্ডন করিয়া নিয়াজকে এই

( ২য় পৃঃ দ্রঃ )

## গ্র্যাণ্ড মাষ্টার

( ১ম পৃঃপর )

খেতাব দেওয়া হয়।

বাংলাদেশের ক্রীড়া ক্ষেত্রে এই পর্যন্ত অর্জনকারী ইহাই সর্বোচ্চ সম্মান। গতকাল সকালে ঢাকায় বহু প্রতীক্ষিত এই খবর প্রচারিত হইবার সঙ্গে সঙ্গে ক্রীড়ামোদীদের মধ্যে বিপুল আলোড়নের সৃষ্টি হয়। ২০ বছর বয়স্ক নিয়াজ হইলেন বিশ্বদাবায় দশম অঞ্চলের ১৭টি দেশে বসবাসকারী আনুমানিক একশত কোটি লোকের মধ্যে প্রথম গ্র্যাণ্ড মাষ্টার। ইহাছাড়া, তিনি এশিয়া ও অষ্ট্রেলিয়ার ৩১টি দেশের মধ্যে ষষ্ঠ এবং দাবা বিশ্বের ১০৩টি দেশের মধ্যে ২২৮ নম্বর গ্র্যাণ্ড মাষ্টার।

যুক্তরাষ্ট্রের ফিলাডেলফিয়ার পেনসেলভানিয়া বিশ্ববিদ্যালয়ে অঙ্কতে স্নাতক শ্রেণীতে অধ্যয়নরত নিয়াজ মোরশেদ গতকাল ঢাকায় মায়ের সহিত ফোনে আনন্দ প্রকাশ করেন। আগামী ৮ হইতে ১৭ই মার্চ পর্যন্ত বিশ্ববিদ্যালয় ছুটির সময় তাহার ঢাকা আসার সম্ভাবনা আছে। নিয়াজ ঢাকায় আসিলে তাহাকে সম্বর্ধনা দেওয়া হইবে বলিয়া দাবা ফেডারেশন এক প্রেস বিজ্ঞপ্তিতে জানায়।

ইন্দোনেশিয়ায় বাংলাদেশের রাষ্ট্রদূত মঞ্জুর মোরশেদ নিয়াজের পিতা। ১৯৬৬ সালের ১৩ই মে ঢাকায় নিয়াজের জন্ম। ৬ বৎসর বয়স হইতে তাহার দাবা খেলা শুরু। ৯ বৎসর বয়সে জাতীয় দাবায় অংশগ্রহণ এবং ১২ বৎসর বয়সে অর্থাৎ ১৯৭৯ সাল হইতে ১৯৮২ সাল পর্যন্ত উপর্যুপরি ৪ বার জাতীয় দাবায় তাহার চ্যাম্পিয়ন হওয়ার সৌভাগ্য ঘটে। পরবর্তীতে তাহার আর জাতীয় দাবায় অংশগ্রহণ করা হয় নাই।

১৯৭৯ সালে নিয়াজ আন্তর্জাতিক রেটিং পান এবং ১৯৮১ সালে দুবাইতে অনুষ্ঠিত দাবা প্রতিযোগিতায় আন্তর্জাতিক মাষ্টার খেতাব অর্জন করেন।

বর্তমানে নিয়াজ হইলেন বিশ্বের দ্বিতীয় সর্বকনিষ্ঠ গ্রাণ্ড মাষ্টার দাবাড়ু। ইতিপূর্বে ববি ফিশার ১৬ বৎসর বয়সে গ্রাণ্ড মাষ্টার হইয়াছিলেন।

বাসস জানায়, যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শেখ শহীদুল ইসলাম গতকাল এক বিবৃতিতে নিয়াজ মুর্শেদকে গ্রাণ্ড মাষ্টার খেতাব প্রদান করায় গভীর আনন্দ ও সন্তোষ প্রকাশ করিয়াছেন।